CIN : L32902WB1990PLC050020
Registered Office : "Ecostation", Block –BP, Plot No. 7, Sector V, 5th Floor, Suit No. 504, Salt Lake, Kolkata-700091
Tel : (033) 2367-5555, **E-mail :** cs@acknitindia.com, **Website :** www.acknitindia.com

NOTICE OF 36TH ANNUAL GENERAL MEETING, REMOTE E-VOTING INFORMATION, RECORD DATE & BOOK CLOSURE DATES

NOTICE is hereby given that the 36th Annual General Meeting (AGM) of the members of Acknit Industries Limited will be held on **Wednesday, 16th September, 2026 at 11:30 a.m.** (IST) through Video Conferencing ("VC") / Other Audio-Visual Means ("OAVM"), to transact the businesses as set out in the notice of AGM dated 10th August, 2026.

The AGM is convened in compliance with applicable provisions of the Companies Act, 2013 ('Act') and the rules made thereunder and the General Circular No. 03/2025 dated 22nd September, 2025, other Circulars issued by the Ministry of Corporate Affairs ('MCA') and Securities and Exchange Board of India (SEBI) (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

In compliance with the aforesaid MCA Circular and SEBI Listing Regulations, Notice of 36th AGM along with the Annual Report for FY 2025-26 are sent only through electronic mode to those members whose e-mail addresses are registered with the RTA/Depositories. The Notice and Annual Report are also available on the Company's website at www.acknitindia.com, website of the Bombay Stock Exchange at www.bseindia.com and the website of CDSL at www.evotingindia.com. Further, the Company has also sent a letter providing the web-link, including the exact path, where complete details of the Annual Report is available to those shareholder(s) who have not registered email addresses.

Pursuant to the provisions of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 and Regulation 44 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and Secretarial Standard on General Meeting (as amended), the Company shall be providing remote e-voting facilities to all the members holding shares either in physical form or in dematerialized form for transacting all the businesses as set forth in the Notice of AGM through CDSL. The details pursuant to the provisions of the Act and the said Rules are given hereunder:

The remote e-voting will commence on Saturday, 12th September, 2026 (9.00 a.m. IST) and will end on Tuesday, 15th September, 2026 (5.00 p.m. IST) and shall not be allowed beyond the said date and time.

The cut-off date for eligibility to vote by electronic means or at the AGM is Wednesday, 09th September, 2026.

During this period, Members holding shares either in physical form or in dematerialised form as on **Wednesday, 09th September, 2026 ('Cut-Off date')** may cast their vote by remote e-Voting before the AGM. The remote e-Voting module shall be disabled by CDSL for voting thereafter. Once the vote on a resolution is cast by the Member, he / she shall not be allowed to change it subsequently. The voting rights of the Members shall be in proportion to their share of the paid-up equity share capital of the Company as on the **Cut-Off date i.e., Wednesday, 09th September, 2026.**

Members will be provided with the facility for remote voting through electronic voting system during the VC proceedings at the AGM and those Members participating at the AGM, who have not already cast their vote by remote e-Voting before the Meeting, will be eligible to exercise their right to vote during such proceedings of the AGM. Members who have cast their vote on resolution(s) by remote e-Voting prior to the AGM will also be eligible to participate at the AGM through VC but shall not be entitled to cast their vote on such resolution(s) again.

Any person who becomes a member of the Company after dispatch of Notice of the AGM and holding share as on the cut-off date, may obtain the login ID and password by sending request at **helpdesk.evoting@cdslindia.com.** The detailed procedure for obtaining User ID and password is provided in the Notice of the meeting which is also available on Company's website: **www.acknitindia.com** and CDSL website : **www.evotingindia.com.** If the member is already registered with CDSL for e-voting, then he can use his/her existing User ID and Password for casting the vote through remote e-voting.

If members have any queries or issues regarding attending AGM & e-Voting from the CDSL e-Voting System, they can write an email to **helpdesk.evoting@cdslindia.com** or contact at toll free no. 1800 21 09911. All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Mr. Rakesh Dalvi, AVP, (CDSL) Central Depository Services (India) Limited, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai - 400013 or send an email to **helpdesk.evoting@cdslindia.com** or call toll free no. 1800 21 09911.

The Record Date for the purpose of dividend is **Wednesday, 09th September, 2026** and accordingly the said dividend will be paid to the equity shareholders, whose names appear in the Register of Members/List of Beneficial Owners of the Company at the close of the business hours on **Wednesday, 09th September, 2026.**

Pursuant to the provisions of Section 91 of the Companies Act, 2013 read with Rule 10 of the Companies (Management and Administration) Rules, 2014 and Regulation 42 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from **Thursday, 10th September, 2026 to Wednesday, 16th September, 2026 (both days inclusive)** for payment of dividend on equity shares for the Financial Year ended **31st March, 2026.**

SEBI vide its Circular May 07, 2024 mandated that the security holders (holding securities in physical form), whose folio(s) do not have PAN or Choice of nomination or Contact Details or Mobile Number or Bank Account Details or Specimen Signature updated, shall be eligible for any payment including dividend, in respect of such folios only through electronic mode with effect from 01 April 2024 upon completion/submission of the requisite documents/details in entirety. In this connection, shareholders holding shares in physical form are requested to update their PAN, KYC, Nomination details, if not provided earlier, to **S. K. Infosolutions Private Limited, the RTA of the Company, by email to skcdilip@gmail.com or by post to Unit: D/42, Katju Nagar (Near South City Mall), Ground Floor, Katju Nagar Bazar, Jadavpur, Kolkata - 700 032.**

Members are requested to register their email ID and mobile numbers with their relevant depositories through their Depository Participants for shares held in electronic form and for shares held in physical form by writing to the Company's RTA, S. K. Infosolutions Private Limited, the RTA of the Company, by email to skcdilip@gmail.com or by post to their registered office at D/42, Katju Nagar (Near South City Mall), Ground Floor, Katju Nagar Bazar, Jadavpur, Kolkata - 700 032.

Place : Kolkata
Date : 24.08.2026

By order of the Board
For ACKNIT INDUSTRIES LIMITED
Sd/-
Sneha Gupta
Company Secretary & Compliance Officer

DBS Bank India limited

Head Office: Express Tower, Level 19, nariman Point, Mumbai - 400021 Maharashtra. Branch Office: The Ruby, 6th Floor, Dadar(W), Mumbai 400 028

Demand Notice

[Under S. 13(2) of Securitisation and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 (SARFAESI ACT) Read with Rule 3(1) of the Security Interest (Enforcement) Rule, 2002)]

The accounts of the following borrowers with DBS Bank India Ltd. has been classified as NPA, the Bank issued notice under S. 13(2) of the SARFAESI Act on the dates mentioned below. In view of the non-service of notice on last known address of below mentioned Borrowers / Co-borrowers / Mortgagors/ Guarantors, this public notice is being published for information of all concerned. The below mentioned Borrowers/Co-borrowers/ Mortgagors/ Guarantors are called upon to pay to DBS Bank India Ltd. within 60 days from the date of publication of this Notice the amounts indicated below due on the dates together with future interest at contractual rates, till the date of payment, under the loan/and other agreements and documents executed by the concerned persons. As security for borrower's obligation under the said agreements, the respective assets shown against the name have been charged to DBS Bank India Ltd. If the concerned Borrowers/ Co-borrowers / Mortgagors / Guarantors fails to make payment to DBS Bank India Ltd. as aforesaid, then the DBS Bank India Ltd. shall be entitled to exercise all or any of the rights mentioned under S 13(4) of the Act and the applicable Rules entirely at the risk of concerned Borrowers/ Co-borrowers / Mortgagors / Guarantors as to cost and consequences. In terms of provisions mentioned in sub-section 13 of sec.13 of the Act, all you shall not transfer by way of sale, lease, or otherwise any of the asset stated under security referred to in this notice without prior written consent of our Bank. As per the provision of the aforesaid act, Borrower/ Guarantor are prohibited from transferring the above said assets, in any manner, whether by way of sale, lease etc. Any contravention of the said provisions will render the concerned person liable for punishment and /or penalty in accordance with SARFAESI Act. For more details the unserved written notices may be collected from the undersigned.

The Borrower/Co-borrowers/Guarantors/Mortgagors attention is invited to provisions of sub-section (8) of Section 13 of SARFAESI Act, in respect of time available, to redeem the secured asset.

SI NO.	Name of the Borrower and Co- Borrower /Guarantors and Address/ Loan Account Number	Demand Notice / Date of NPA	Outstanding Amount in Rs
1.	Loan Account No. 0232639000000059 1. M/s. Khushi Polybag Proprietor: Mrs. Nidhi Jain ... (Borrower/ Proprietor firm) Address: Ward No. 27, Plosay Para, Durg, Chhattisgarh – 491001 2. 2. Mrs. Sangeeta Kataria ...(Guarantor/Mortgagor) Address: Block No. C, Flat no. 202, Rishabh Green City, Pulgaon, Durg, Chhattisgarh - 491001 3. Mr. Nitin Jain ...(Guarantor) Address: Block No. C, Flat no. 202, Rishabh Green City, Pulgaon, Durg, Chhattisgarh - 491001	25.06.2026 / 29.05.2019	INR ₹ 50,77,419.77 (Rupees Fifty Lakh Seventy Seven Thousand Four Hundred Nineteen and Paisa Seventy Seven only) as detailed in Schedule II, outstanding as on 24.06.2026 ("Outstanding Amount"), along with further interest thereon from 24.06.2026

1. Hypothecation of All present and future current assets equipments, machinery, fixtures etc. of M/s. Khushi Polybag.
2. Property owned by: 1. Mrs. Sangeeta Kataria

Description of Property: Double storied residential building, Sonkar Chall, Behind Ayodhiyavashi Dharamshala, Sankar Chowk, Polsay para, Durg, Chhattisgarh. Boundaries: North: Other House, South: House of Dewangan ji, East: House of Yadav ji, West: Road

SI NO.	Name of the Borrower and Co- Borrower /Guarantors and Address/ Loan Account Number	Demand Notice / Date of NPA	Outstanding Amount in Rs
2.	Loan Account No. 0232639000000120 1. M/s. Antarmana Collection Proprietrix: Mrs. Sonam Sethi ... (Borrower/ Proprietor firm) Address: Adarsh Nagar, Borsi Road, Durg, Chhattisgarh – 491001 2. Mr. Ankit Sethi ...(Guarantor) Address: F-10, Adarsh Nagar, Kasaridih, Durg, Chhattisgarh - 491001 3. Mr. Suresh Kumar Sethi, ...(Guarantor/ Mortgagor) Address: F-10, Adarsh Nagar, Kasaridih, Durg, Chhattisgarh – 491001 Also at : Shop No. 29/15-A, Dhamdha Naka, Railway Overbridge, Durg, Chhattisgarh – 491 001	25.06.2026 / 29.05.2019	INR ₹ 24,45,231.38/- (Rupees Twenty Four Lakh Forty Five Thousand Two Hundred Thirty One and Thirty Eight Paisa only) as detailed in Schedule II, outstanding as on 24.06.2026 ("Outstanding Amount"), along with further interest thereon from 24.06.2026

1. Hypothecation of entire fixed assets and current assets of the firm including entire stock & book debts arising at any point of time and all other current asset lying in the shop of M/s. Antarmana Collection
2. Property owned by: 1. Mr. Suresh Kumar Sethi

Description of Property: Double storied residential shop situated at Shop No. 29/15-A, Dhamdha Naka, Railway Overbridge, Durg, Chhattisgarh. Boundaries: North: Shop of Manulal, South: Others Shop, East: Other Plot , West: Road

Date: 25-08-2026
Place: DURG

Authorised Officer,
DBS Bank India Limited

প্রধান শিক্ষককে স্কুল থেকে টেনে বের করে ডিম ও গোবর-থেরাপি বাঁকুড়ায়

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: মিড ডে মিলে বেনিয়ম, টাকা আত্মসাত সহ বিভিন্ন অভিযোগ তুলে বিদ্যালয়ের গেটের বাইরে প্রধান শিক্ষককে ডিম, মাথায় গোবর মাখানোর অভিযোগ উঠেছে। এই ডিম ও গোবর থেরাপির ঘটনা ঘটেছে বাঁকুড়া শহর সংলগ্ন বাকি সেন্দড়া উচ্চ বিদ্যালয়ে। স্থানীয় সূত্রে জানা গেছে যে মিড ডে মিল ও বিদ্যালয় উন্নয়ন তহবিলের টাকা আত্মসাতের অভিযোগে বাঁকুড়ার বাকি সেন্দড়া হাই স্কুলের প্রধান শিক্ষককে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। স্কুলের বাইরে তাকে ডিম ছোড়ার পাশাপাশি মাথায় গোবর মাখিয়ে দেওয়া হয় বলে অভিযোগ উঠেছে। প্রথমে প্রধান শিক্ষককে বিদ্যালয় চত্বর থেকে বের করে গেটের বাইরে নিয়ে যাওয়া হয়। সেখানে নিয়ে গিয়ে তাকে ডিম ও গোবর থেরাপি করেন স্থানীয়রা। প্রধান শিক্ষকের মাথাতেও মাখানো হয় গোবর ও ডিম। বাঁকুড়ার বাকি সেন্দড়া হাইস্কুলের প্রধান শিক্ষক সাধন চন্দ্র পালের বিরুদ্ধে স্কুলের মিড ডে মিলের টাকা তছরূপ ও স্কুল উন্নয়ন তহবিলের টাকা আত্মসাতের অভিযোগ আগেই উঠেছিল। গ্রামবাসীরা বরাবর সেই অভিযোগ তুলে প্রধান শিক্ষককে ঘেরাও করে বিক্ষোভও দেখান এই

ঘটনার তদন্ত শুরু করেছে বিদ্যালয় শিক্ষা দপ্তর।

এই তদন্তের মাঝে সোমবার প্রধান শিক্ষক সাধনচন্দ্র পাল বিদ্যালয়ে পৌঁছালে স্থানীয় একদল উত্তেজিত মানুষ প্রধান শিক্ষককে টেনে বিদ্যালয়ের বাইরে বের করে আনে। বৃষ্টির মধ্যেই তাঁকে বিদ্যালয়ের প্রধান গেটের বাইরে চেয়ারে বসিয়ে রেখে দীর্ঘক্ষণ ধরে চোর চোর স্লোগান দেওয়া হয়। প্রধান শিক্ষককে লক্ষ্য করে ছোঁড়া হয় ডিম। তার মাথায় ডিম ফাটিয়ে ও গোবর মাখিয়ে দেন উত্তেজিত জনতা। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে এলাকায়। এই বিক্ষোভ ও ডিম থেরাপির খবর পেয়ে বিদ্যালয়ে যায় বাঁকুড়া সদর থানার পুলিশ। স্থানীয়দের দাবি বিদ্যালয়ের যে পরিমাণ টাকা প্রধান শিক্ষক আত্মসাৎ করেছেন সেই টাকা ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করতে হবে প্রধান শিক্ষককে। অন্যদিকে অভিযুক্ত প্রধান শিক্ষক তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ উড়িয়ে দিয়ে দাবি করেছেন যে তাঁর বিরুদ্ধে ওঠা সব অভিযোগ তদন্তে মিথ্যা প্রমাণিত হয়েছে। তারপরেও কিছু মানুষ তার কাছ থেকে জোর করে টাকা আদায়ের জন্য মানসিক ও শারীরিক নির্যাতন চালিয়ে যাচ্ছেন দীর্ঘ দিন ধরে। সোমবার সব মাত্রা ছাড়িয়ে গেছে। তাদের দাবি মত টাকা না দেওয়ায় তারা এঘটনা ঘটিয়েছে। প্রধান শিক্ষক বলেন, তার দাবি পুলিশ এই ঘটনার তদন্ত করে কড়া ব্যবস্থা নেক। এ প্রেক্ষিতে উল্লেখ্য, গত রবিবার বাঁকুড়ার শিক্ষক সংগঠনের মিটিং-এ নীলাদ্রিশেখর দানা বলেন, 'বর্তমানে বিভিন্ন স্কুল পরিদর্শন করছি। সেখানে অনেক কিছুই চোখে পড়ছে। বাস্তবে ৩০ জন ছাত্রছাত্রী মিড ডে মিল খাচ্ছে। অথচ নথিতে তার চেয়ে বেশি ছাত্রছাত্রী দেখানো হচ্ছে।' নীলাদ্রিবাবুর এই মন্তব্যে শিক্ষক মহল ও সাধারণ জেলাবাসীর মধ্যে ব্যাপক প্রভাব পড়েছে বলে মনে করা হচ্ছিল। কাকতালীয়ভাবে পরের দিনেই এই ঘটনা ঘটল জেলায়।

বালুরঘাট জেলা হাসপাতালে আয়ুষ্মান ভারতে সাফল্য

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: বালুরঘাট জেলা হাসপাতালের চিকিৎসায় যুক্ত হলো এক নতুন ইতিহাস। আয়ুষ্মান ভারত স্বাস্থ্য বিমা প্রকল্পের অধীনে এই প্রথম বার সফলভাবে সম্পন্ন হলো এক মহিলার অস্ত্রোপচার। এর পাশাপাশি আয়ুষ্মান কার্ডধারীদের আরও সহজ ও উন্নত পরিষেবা দিতে হাসপাতালে তৈরি হতে চলেছে এরই পৃথক বিশেষ ওয়ার্ড। কর্তৃপক্ষের এই উদ্যোগে আশার আলো দেখছেন এলাকার বাসিন্দারা।

সম্প্রতি এক মর্মান্তিক দুর্ঘটনায় আহত হয়ে বালুরঘাটের বাসিন্দা নুরজাহান বিবি জেলা হাসপাতালে ভর্তি হন। চিকিৎসকেরা পরীক্ষা করে দেখেন, তাঁর কাঁধের নিচের অংশে মারাত্মকভাবে ভেঙে গিয়েছে এবং দ্রুত অস্ত্রোপচার করে সেখানে প্লেট বসানো প্রয়োজন। আয়ুষ্মান কার্ডের সুবিধা থাকায় হাসপাতাল কর্তৃপক্ষই নিজস্ব উদ্যোগে সমস্ত প্রয়োজনীয় সরঞ্জাম জোগাড়ের ব্যবস্থা করে। এরপর চিকিৎসকদের তৎপরতায় সফলভাবে এই অস্ত্রোপচার সম্পন্ন হয়। এত দিন পর্যাপ্ত পরিকাঠামো ও জরুরি সরঞ্জামের অভাবে অনেক জটিল রোগীকে কলকাতার মতো দূরের হাসপাতালে স্থানান্তরিত করতে হতো। কিন্তু এই সফল অস্ত্রোপচারের পর হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, এবার থেকে জেলা হাসপাতালেই আরও জটিল চিকিৎসা সম্ভব হবে। আয়ুষ্মান কার্ডের সুবিধা পেতে রোগীদের যাতে কোনো হয়রানির শিকার হতে না হয়, তার জন্য হাসপাতালেই চালু করা হয়েছে পৃথক রেজিস্ট্রেশন কাউন্টার।

ভবিষ্যতে এই পরিষেবাকে আরও বড় পরিসরে নিয়ে যেতে হাসপাতালে তৈরি হচ্ছে বিশেষ 'আয়ুষ্মান ওয়ার্ড'। প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী সেখানে প্রসূতি, অস্থি ও চক্ষু এই তিন বিভাগের রোগীদের ভর্তি করে দ্রুত পরিষেবা দেওয়া হবে। হাসপাতাল কর্তৃপক্ষের আশা, এই পদক্ষেপের ফলে বালুরঘাট ও সংলগ্ন অঞ্চলের মানুষকে আর চিকিৎসার জন্য দূরে ছুটতে হবে না, নিজের পাড়াতেই মিলবে বিশ্বমানের চিকিৎসা সুবিধা।

দেগ্রামে অন্নপূর্ণার ধন্যবাদজ্ঞাপনে মিছিল

নিজস্ব প্রতিবেদন: গ্রামের নাম দেগ্রাম। হাওড়ার আমতা বিধানসভার বাকসীহাট গ্রাম পঞ্চায়েতের একটি বুথ। রূপনারায়ণ নদের বুক থেকে মাছ ধরে তা স্থানীয় মানকুর, দেউলগ্রাম বাজারে বিক্রি করেই ওদের জীবন চলে। বিকেলে ও অনেকে নদীর বুক থেকে মাছ ধরে। পরিবারের মহিলাদের অধিকাংশ এই মাছ ধরার সঙ্গে যুক্ত। পরিবার প্রতি রোজগার দৈনিক আড়াইশো টাকা। সন্তানদের পড়াশোনা, অসুখ তো আছেই। এই আর্থিক পরিস্থিতিতে স্বাভাবিক ভাবেই অভাব নিত্যসঙ্গী। কিন্তু এখন অধিকাংশ মহিলার হাতে অন্নপূর্ণা ভাণ্ডার যোজনার তিন হাজার টাকা আসছে। অন্তত ছেলেমেয়েদের লেখা পড়ার খরচ যোগানোর জন্য আর কারো কাছে হাত পাততে হবে না। তাই খুশির হাওয়া গ্রামের ঘরে ঘরে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে ধন্যবাদ জানানোর জন্য ছোট একটা মিছিল হয় তারা। সবাই মিলে দলবেঁধে একদিন হাজির হয়েছিল আমতা বিধানসভার ৫ নং মণ্ডল সভাপতি অতস বেরার কাছে। তারই প্রতিফলন ঘটলো সোমবার। সোমবার বিকেলে দেগ্রামে আনন্দে ধন্যবাদ সূচক মিছিল করলো তারা। উপস্থিত থাকলেন আমতার বিধায়ক অমিত সামন্ত।

সারের কালোবাজারি রুখতে বাজার পরিদর্শনে বিধায়ক

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: ভরা চাষের মরশুমে সমস্যায় চাষিরা। কারণ বাজারে সারের দাম অনেক। সারের বস্তার গায়ে লেখা নির্ধারিত দামের চেয়ে অনেক বেশী দামে বিক্রি করছেন বিক্রেতারা। ফলে চাষিদের মধ্যে অসন্তোষ জমাট বাঁধছিল। এই খবর কানেকানে ছড়াতেই জামালপুরের বিধায়ক অরুণ হালদারের কানে পৌঁছয়। সোমবার তিনি জামালপুরের জনকুলি, কালারাঘাটি, আরাসুল অঞ্চলে বিভিন্ন পার্থ সারথী দে, জামালপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক পঙ্কজ নস্কর, কৃষি আধিকারিক বিপাশা দাসকে নিয়ে সারের দোকান গুলি সরেজমিনে পরিদর্শন করলেন। তাঁর সঙ্গে ছিলেন প্রধানচন্দ্র পাল। বিধায়ক অরুণ হালদার বলেন, 'কোনও মতেই চাষিদের অসুবিধায় ফেলে সারের দাম বেশী নেওয়া যাবে না। সরকার কৃষকদের কাছে দায়বদ্ধ তাই কোনোভাবেই এই বেশী দাম নেওয়া বরদাস্ত করা হবে না। পরিবর্তনের সরকারের আমলে কাউকেই আর আগের মত কমিশনি দিতে হবে না।' তাই কোনও মতেই দাম বেশী নেওয়া যাবে না বলে তিনি সকল দোকানদারদের সচেতন করে দেন এবং এডিএ মহাশয়কে কড়া নজরদারি করতে বলেন। কালারাঘাটি আরাসুল অঞ্চলে একটি সারের দোকানে একাধিক গ্যাস সিলিন্ডার মজুত দেখে ক্ষোভ প্রকাশ করেন বিধায়ক। তিনি দোকানদার স্পষ্টভাবে সাবধান করে দেন বলেন এটা যেন ভবিষ্যতে আর না ঘটে। অন্যথায় তিনি আইনি ব্যবস্থা নেবেন। বিধায়কের হঠাৎ এই সারের দোকানে নজরদারিতে এলাকার মানুষ এবং কৃষকরা আশাবাদী যে এর পর হয়তো সারের দাম কমবে।

আরামবাগে প্রাক্তন চেয়ারম্যানের বিরুদ্ধে তোলাবাজির অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: আরামবাগ পুরসভার প্রাক্তন চেয়ারম্যান স্বপন নন্দীর পর এবার আরও এক প্রাক্তন চেয়ারম্যান তথা তৃণমূল নেতা সমীর ভাণ্ডারীর বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হওয়াকে কেন্দ্র করে রাজনৈতিক মহলে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। তাঁর বিরুদ্ধে তোলাবাজির অভিযোগের পাশাপাশি কুখ্যাত সমাজবিরোধীদের দিয়ে বাস কর্মীদের মারধর এবং বাস মালিকদের কাছ থেকে টাকা তোলার অভিযোগ উঠেছে। অভিযোগ, দীর্ঘদিন ধরে আরামবাগ বাসস্ট্যান্ডকে কেন্দ্র করে তোলাবাজির কারবার চলত। বাস মালিকদের অভিযোগ, এই ঘটনার নেপথ্যে মূল মাথা হিসেবে কাজ করতেন প্রাক্তন চেয়ারম্যান সমীর ভাণ্ডারী। মহিলা বাস মালিক-সহ একাধিক বাস মালিকের পক্ষ থেকে তাঁর বিরুদ্ধে আরামবাগ থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগ পাওয়ার পর পুলিশ তদন্ত শুরু করেছে বলে জানা গিয়েছে। পুলিশ সমীর ভাণ্ডারীর বাড়িতেও যায় বলে সূত্রের খবর। তবে তিনি বাড়িতে না থাকায় তাঁর খোঁজে তদন্ত চলছে বলেও পুলিশ সূত্রে জানা গিয়েছে। যদিও অভিযোগের বিষয়ে সমীর ভাণ্ডারীর বক্তব্য পাওয়া যায়নি। এই ঘটনার তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন বাস মিনিবাস অপারেটর ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক মধুমিতা ভট্টাচার্য। তিনি বলেন, 'অসাধু ব্যক্তি শাস্তি পাবে, এটা স্বাভাবিক। তিনি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তোলাবাজিতে মদত দিয়েছেন।'

এদিকে এই ঘটনায় সরব হয়েছেন পুরশুড়ার বিজেপি বিধায়ক বিমান ঘোষ। তাঁর বক্তব্য, 'আরামবাগে দীর্ঘদিন ধরে

তৃণমূলের ছত্রছায়ায় দুর্নীতি, তোলাবাজি এবং দাদাগিরির যে অভিযোগ উঠেছে, এই ঘটনা তারই প্রতিফলন।' বাস মালিকদের কাছ থেকে জোর করে টাকা তোলা, কর্মীদের মারধরের মতো গুরুতর অভিযোগের নিরপেক্ষ তদন্ত হওয়া প্রয়োজন। যাঁরা এই ঘটনার সঙ্গে যুক্ত, তাঁদের রাজনৈতিক পরিচয় না দেখে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নিতে হবে। মানুষ ন্যায় চায়, এতদিন ধরে এই অভিযোগগুলি কীভাবে চলতে দেওয়া হয়েছিল?' বিমান ঘোষ আরও বলেন, 'শুধু অভিযোগ দায়ের করলেই হবে না, পুলিশকে নিরপেক্ষভাবে তদন্ত করে প্রকৃত দোষীদের সামনে আনতে হবে। কোনও প্রভাবশালী ব্যক্তি বা রাজনৈতিক নেতা যাতে আইনের ফাঁক গলে বেরিয়ে যেতে না পারেন, সেই দায়িত্ব প্রশাসনের।'

প্রসঙ্গত, গত ২১ জুলাই সমীর ভাণ্ডারী তাঁর ভালো তৃণমূল শিবিরে যোগদান করেন বলে রাজনৈতিক মহলে আলোচনা রয়েছে। তাঁর বিরুদ্ধে অতীতের বিভিন্ন দুর্নীতি ও তোলাবাজির অভিযোগ সামনে আসায় রাজনৈতিক চাপও বাড়ছিল বলে বিরোধীদের দাবি। এবার বাস মালিকদের পক্ষ থেকে সরাসরি থানায় অভিযোগ দায়ের হওয়ায় ঘটনাটি নতুন রাজনৈতিক মাত্রা পেয়েছে। তবে অভিযোগগুলি এখনও তদন্তাধীন এবং সমীর ভাণ্ডারীর বিরুদ্ধে ওঠা অভিযোগের সত্যতা তদন্তের পরই স্পষ্ট হবে। এখন দেখার, পুলিশি তদন্তে আরামবাগ বাসস্ট্যান্ডকে কেন্দ্র করে ওঠা এই তোলাবাজির অভিযোগের কতটা সত্যতা সামনে আসে এবং কারা এর সঙ্গে যুক্ত বলে প্রমাণিত হয়।

চন্দ্রকোনায় ধসে গেল কোটি টাকার রাস্তা

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: চন্দ্রকোনা ১ ব্লকের কুলদহ গ্রামে কৃষিজ ফসল উৎপাদনে ও সেখানে যাতায়াতের জন্য গুরুত্বপূর্ণ রাস্তা বছর ঘুরতে না ঘুরতেই বেহাল হয়ে পড়েছে। স্থানীয়দের দাবি, প্রায় ১ কোটি ২৩ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত এই রাস্তার কাজ ২০২৫ সালের গোড়ার দিকে শেষ হয়েছিল। কিন্তু এক বছরের মধ্যেই রাস্তার বিভিন্ন অংশে ফাটল দেখা দিয়েছে এবং একটি অংশ হুড়মুড়িয়ে ধসে পড়েছে। গ্রামের গমভাঙা এলাকায় একটি কালভার্টের কাছে রাস্তার একটি অংশ অত্যন্ত বিপজ্জনকভাবে

ঝুলে রয়েছে। যেকোনও মুহূর্তে সেটি সম্পূর্ণ ভেঙে গিয়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। শুধু ওই অংশেই নয়, গোটা রাস্তার বিভিন্ন জায়গায় ফাটল দেখা দিয়েছে। এই রাস্তা দিয়েই এলাকার কৃষকরা তাঁদের উৎপাদিত ফসল বাড়ি ও গুদামে নিয়ে যান। পাশাপাশি, গ্রামে থাকা একটি পিকনিক স্পটের জন্য শীতের মরশুমে বহু মানুষ এই রাস্তা ব্যবহার করেন। ফলে রাস্তার এই পরিস্থিতিতে স্থানীয় মানুষের পাশাপাশি কৃষকরাও সমস্যায় পড়েছেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, সঠিক পরিকল্পনা ছাড়াই নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার করে রাস্তার কাজ করা হয়েছিল। যার ফলেই বছর ঘুরতে না ঘুরতেই এই বিপত্তি। তাঁদের দাবি, নতুন সরকারের কাছে বিষয়টি গুরুত্ব দিয়ে দেখে দ্রুত রাস্তা সংস্কারের ব্যবস্থা করা হোক এবং রাস্তার নির্মাণের মানও খতিয়ে দেখা হোক।

সরকারি ত্রাণ-সহ গ্রেপ্তার গোবরডাঙার প্রাক্তন চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদন, গোবরডাঙা: সরকারি ত্রাণ সামগ্রী বাড়িতে মজুদ করার অভিযোগে গ্রেপ্তার গোবরডাঙা পুরসভার প্রাক্তন চেয়ারম্যান সুভাষ দত্ত উদ্ধার বিভিন্ন ধরনের ত্রাণ সামগ্রী। গোবরডাঙা পুরসভার ৬ নং ওয়ার্ড এর প্রাক্তন কাউন্সিলর তথা প্রাক্তন পৌর প্রধান সুভাষ দত্তের বাড়িতে সোমবার দুপুরে এলাকার স্থানীয় বাসিন্দারা সরকারি সামগ্রী মজুদ রাখার অভিযোগে জড়ো হয়ে বিক্ষোভ দেখায়। ২০১০ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত দীর্ঘ প্রায় ১১ বছর ধরে তৃণমূল সরকারের আমলে তৃণমূলের টিকিটে জয়লাভ করে চেয়ারম্যান পদ সামলেছেন তবে মাঝখানে তৃণমূল থেকে টিকিট না পেয়ে নির্দলে দাঁড়িয়েও তিনি জয়লাভ করেন যদিও পরবর্তীতে ফের তৃণমূলে যোগদান করেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে সরকারি ত্রাণ সামগ্রী সাধারণ মানুষকে দেওয়া কথা থাকলেও না দিয়ে নিজের বাড়িতে মজুদ করে রেখেছেন। অভিযোগ তুলে বাড়িতেই বিক্ষোভ দেখায়। এদিন প্রাক্তন পৌরপ্রধান সুভাষ দত্তের বাড়ি থেকে উদ্ধার হয় সরকারি প্রাস্টিকের তাবু কম্বল প্লাস্টিকের বালতি এবং সাদা কাপড়ের থান। ঘটনাস্থলে যায় গোবরডাঙা থানার পুলিশ সরকারি সামগ্রীগুলো সিজ করে থানায় নিয়ে যাওয়া হয়। পাশাপাশি গ্রেপ্তার করা হয় প্রাক্তন পৌর প্রধান সুভাষ দত্তকে।